কাঠের ঘানিতে সরিষার তেল

কলুর ঘাড়ে ঘানি, চোখের ওপর মোটা কাপড়ের পর্দা দেয়া কলুর বলদ চলছে। কাঠের তৈরী ঘানিটা ঘুরছে, আর সরিষা পিষেতা থেকে তেল বেরুচ্ছে। ধীরে ধীরে মাটির পাত্রে সরিষার তেল। এভাবে তৈরি হয় খাঁটি সরিষার তেল। এর ঝাঁঝালো গন্ধে চোখে পানি এসে যায়।

বলছিলাম কুষ্টিয়ার কুমার খালী উপজেলার শেরকান্দি গ্রামের বাসিন্দা মিজানুর রহমানের কাঠের ঘানিতে সরিষার তেল তৈরীর কথা। কয়েক বছর আগেও একমাত্র এই ঘানি ভাঙানো সরিষার তেল দিয়েই মিটতাসে কল পরিবারের তেলের চাহিদা।

বর্তমানে এখন আর এই ঘানি প্রত্যন্ত গ্রামে ও খুজে পাওয়া যায় না। তাই খাঁটি সরিষার তেলও মেলে খুব কম। বর্তমানের ভেজালের দিনে শতভাগ খাঁটি জিনিস খুঁজে পাওয়া মুশকিল। এ কারণে তার ক্রেতা ও বেশি।

শুধু এলাকার মানুষ তার এ খাঁটি তেল কেনেন না, জেলা শহর থেকেও আগ্রহী ক্রেতারা এসে তেল নিয়ে যায় মিজানুর রহমান। কুষ্টিয়ার কুমার খালী উপজেলার শেরকান্দি গ্রামের বাসিন্দা। এক সময় সংসারের স্বচ্ছলতা আনতে পাড়ি জমিয়ে ছিলেন সুদুর মধ্য প্রাচ্যের দেশ ওমানে।

হাড়ভাঙা পরিশ্রম করে দিনরাত খেয়ে না খেয়ে কাটিয়েছেন বিদেশে। ৫ বছর বিদেশ থাকার পর এক সড়ক দূর্ঘটনায় তার দুই পা ভেঙে যায়। এরপর আর বিদেশ থাকা হয়নি তার। দেশে ফিরে এসে যৎসামান্য টাকা আর হালের দুইটি বলদ দিয়ে শুরু করেন পৈত্রিক ব্যাবসা।

নিজের সংসারের হাল ফেরানো আর মানুষকে ভালো খাওয়ানোর প্রতিশ্রুতি নিয়ে কাজ করে চলেছেন তিনি। শুরু করেছেন ঘানিতে সরিয়া পিশে তেল তৈরী করে বিক্রির কাজ। আর তার এই কাজে অনুপ্রেরনা যুগিয়েছেন তার মা।

আব্দুল্লাহ শাহ নামের এক ক্রেতা জানান, এক সময়ে কাঠের ঘানির সাহায্যে ফোঁটায় ফোঁটায় নিংড়ানো খাঁটি সরিষার তেল এক সময় কুষ্টিয়ার বিভিন্ন গ্রাম গঞ্জের হাট বাজারে বিক্রি হতো। এ তেল বিক্রি করেই জীবন-জীবিকা নির্বাহ করতেন কলু স¤প্রদায়রা।

তবে এক সময়ের গ্রাম বাংলার এই অতিপরিচিত দৃশ্যটি এখন খুব একটা চোখে পড়েনা। বৈদ্যুতিক যন্ত্রেই করা হয় তেল ভাঙানোর কাজ।

মিজানুর রহমান বলেন, বিদেশ যাওয়ার কয়েক বছর পর সড়ক দূর্ঘটনায় ফিরে আসি। সে সময় দেশে ফিরে বাড়ীতেই হালের বলদ দিয়ে শুরু করি পৈত্রিক ব্যাবসা। ৫ কেজি সরিষা থেকে প্রায় আড়াই কেজি তেল তৈরী হয়। আমরা এই তেল এখান থেকেই ১২০ টাকা কেজি প্রতি বিক্রি করে থাকি। অনেকেই এই ঘানি দেখতে আসে এবং তেল কিনে নিয়ে যায়।

ফজল শাহ নামের এক বৃদ্ধ বলেন, আগে তো আমরাই সরিষার তেল দিয়েই তরকারী খেতাম, ভর্তা ভাজি খেতাম, শরীরে মাখতাম। আর এখন অনেক টাই কমে গেছে এর ব্যবহার। তাছাড়া ভেজালের ভীড়ে আমরা হারিয়ে যেতে বসেছি আসল কেই। যদি কোন ভেজাল না মেশানো হয় তা হলে এই তেলের উপরে আর কোন তেল নেই।

মার্কেটিং আর চটকদার বিজ্ঞাপনের জন্য সবাই ভুলতেই বসেছেন আসল-নকলের পার্থক্য। তবে মিজানের ঘানি দেখতে প্রতিদিনই আসে আগ্রহী ক্রেতা আর দর্শনার্থীরা।

কুষ্টিয়ায় করোনা উপসর্গ নিয়ে একজনের মৃত্যু: নমুনা সংগ্রহ

কুষ্টিয়ার সদর উপজেলার মৃত্তিকাপাড়া জ্বর-শর্দি ও শ্বাসকষ্টে আক্রান্ত হয়ে আশরাফুল ইসলাম (৪৫) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে বলে খবর পাওয়া গেছে।

তিনি করোনা ভাইরাসে আক্রান্ত কিনা তা পরীক্ষার জন্য মরদেহ থেকে নমুনা সংগ্রহ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকেল সাড়ে ৩টার দিকে সদর উপজেলার মৃত্তিকাপাড়াস্থ তার নিজ বাড়ীতে তিনি মারা যান।

কুষ্টিয়ার সিভিল সার্জন ডা. এইচ এম আনোয়ারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করে জানান, যশোর থেকে কুষ্টিয়ায় আসা আশরাফুল ইসলাম

নামের একজন জ্বর-শর্দি ও শ্বাসকষ্ট নিয়ে শুক্রবার বিকেলে মারা গেছে বলে খবর পাওয়া যায়।

এমন খবর পেয়ে ঐ ব্যক্তি করোনা ভাইরাস পজেটিভ কিনা তা পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করা হয়েছে। নমুনা পরীক্ষার জন্য ঢাকায় আইসিডিআর এ পাঠানো হয়েছে। রিপোর্ট আসলে নিশ্চিত করা যাবে ঐ ব্যক্তি করোনা পজেটিভ ছিলো কিনা।

এদিকে শুক্রবার সন্ধ্যা ৬টা থেকে কুমারখালী উপজেলার শিলাইদহ ইউনিয়নের দুটি গ্রাম লকডাউন করেছে উপজেলা করোনা প্রতিরোধ কমিটি।

কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজীবুল ইসলাম খান জানান, ঢাকা ও নারায়নগঞ্জ থেকে বেশ কয়েকজন এই দুই গ্রামে আসার কারণে দুটি গ্রামকে লকডাউন করা হয়েছে।

প্রস্তত ফাঁসির মঞ্চ, যে কোন সময় কার্যকর মাজেদের ফাঁসি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলায় মৃত্যুদণ্ডাদেশ প্রাপ্ত আসামি ক্যাপ্টেন (অব.) আব্দুল মাজেদের সঙ্গে সাক্ষাৎ করতে কারাগারে গিয়েছেন পরিবারের সদস্যরা।

জল্লাদ শাহজাহানের নেতৃত্বে মো: আবুল, তরিকুল ও সোহেলসহ ১০ জনের জল্লাদের একটি দল তৈরি করেছে ঢাকা জেল কর্তৃপক্ষ। ফাঁসির মঞ্চও প্রস্তুত রয়েছে। তবে এখনো চূড়ান্ত নির্দেশনা না আসায় আজ ফাঁসি হবে কি হবে না এ নিয়ে দোটানায় আছে জেল কর্তৃপক্ষ।

শুক্রবার সন্ধ্যায় এ খবর নিশ্চিত করেন ঢাকা কেন্দ্রীয় কারাগারের (কেরানীগঞ্জ) জেলার মাহবুবুল ইসলাম।

তিনি বলেন, আমরা কারাগারের পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছি। ফাঁসির মঞ্চ প্রস্তুত আছে। জল্লাদের তালিকা করেছি। তবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যে চূড়ান্ত নির্দেশনা সেটি এখনো পায়নি।

তাই ফাঁসি কার্যকর করার জন্য যাদের উপস্থিত থাকতে হয় এমন কাউকেও অফিশিয়ালি চিঠি পাঠানো হয়নি। নির্দেশনা পেলে যেকোনো মুহূর্তে ফাঁসির রায় কার্যকর করা হবে। সূত্র- বার্তা২৪.কম

ঢাকা ছাড়া আরও ২১ জেলায় করোনার সংক্রমণ

রাজধানী ঢাকা ও ঢাকা জেলা ছাড়া আরও ২১টি জেলায় করোনাভাইরাসের সংক্রমণ ঘটেছে। ঢাকায় সংক্রমণ বেশি। রাজধানী ও ঢাকা জেলার বিভিন্ন জায়গায় মোট ২০৯ জন আক্রান্ত হয়েছে। ঢাকার বাইরে সবচেয়ে বেশি আক্রান্ত হয়েছে নারায়ণগঞ্জ জেলায়। এই জেলায় আক্রান্তের সংখ্যা ৫৯ জন। স্বাস্থ্য অধিদপ্তর সূত্রে এই তথ্য জানা গেছে।

৮ মার্চ থেকে ৯ এপ্রিল পর্যন্ত মোট ৩৩০ জন শনাক্ত বলে রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) জানিয়েছে। তাদের তথ্য অনুযায়ী, অন্যান্য জেলার তালিকায় আছে: গাজীপুর, জামালপুর, কিশোরগঞ্জ, মাদারীপুর, মানিকগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, টাঙ্গাইল, শরীয়তপুর, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, মৌলভীবাজার, সিলেট, রংপুর, গাইবান্ধা, নীলফামারি, চুয়াডাঙ্গা ও ময়মনসিংহ।

ঢাকা শহরে মোট রোগী শনাক্ত হয়েছে ১৯৬ জন। শহরে মোট ৬১টি এলাকার মানুষ আক্রান্ত হয়েছে। ১০ জন বা তার বেশি আক্রান্ত হয়েছে ধানমন্ডি, ওয়ারি, বাসাবো, উত্তরা ও মিরপুর-১ এ। আলোচিত টোলারবাগে আক্রান্ত হয়েছে ৮ জন।

নারায়ণগঞ্জের বাইরে মাদারীপুর, চট্টগ্রাম ও গাইবান্ধায় রোগী বেশি। ৯ মার্চ পর্যন্ত এই তিন জেলায় শনাক্ত করা রোগীর সংখ্যা যথাক্রমে ১১, ৯ ও ৮ জন।

রোগ শনাক্তকরণ পরীক্ষার সঙ্গে যুক্ত একটি সূত্র বলছে, আরও দুটি জেলায় সংক্রমণ ধরা পড়েছে। আজ শুক্রবার জেলাগুলোর নাম ঘোষণা হতে পারে।

সূত্র-প্রথম আলো

করোনার মধ্যে বিয়ে: চাকরি থেকে বরখাস্ত সেই সরকারি কর্মকর্তা

করোনাভাইরাসের ব্যাপক সংক্রমণের মধ্যে জনসমাগম করে বিয়ে করে চাকরি থেকে বরখাস্ত হয়েছেন নারায়ণগঞ্জের পরিবার পরিকল্পনা পরিদর্শক শাহিন কবির। বৃহস্পতিবার জেলার সোনারগাঁ উপজেলার আমিনপুর ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শক শাহিনকে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করে আদেশ জারি করা হয়েছে।

ঢাকা বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয় থেকে শাহিনকে বরখাস্ত করে আদেশে বলা হয়েছে, দেশব্যাপী করোনাভাইরাসের প্রাদুর্ভাব চলাকালীন ৭ এপ্রিল একই উপজেলার সনমান্দি ইউনিয়নে গিয়ে বিয়ের জন্য অধিক জনসমাগম করেছেন।

‘উক্ত কার্যক্রম বর্তমান আইন ও সরকারি চাকরিবিধি পরিপন্থি বিধায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি ১২ মোতাবেক চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো।’
প্রচলিত বিধি মোতাবেক বরখাস্তকালীন তিনি খোরপোষভাতা পাবেন বলে আদেশ উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, করোনাভাইরাস সংক্রমণ মোকাবিলায় নারায়ণগঞ্জকে ঝুঁকিপূর্ণ চিহ্নিত করে লকডাউন ঘোষণা করে সরকার। লকডাউনের মধ্যে গত মঙ্গলবার লকডাউন ভেঙে ধুমধাম করে পারিবারিকভাবে বিয়ে করেন শাহিন। পরে তাকে ভ্রাম্যমাণ আদালত ১০ হাজার টাকা জরিমানাও করে।

সূত্র-বাংলাদেশ প্রতিদিন

করোনা: মিরপুর ও নারায়ণগঞ্জের পরিস্থিতি ভয়াবহ

দেশে দিন দিন বাড়ছে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা। আক্রান্তের সংখ্যা প্রতিদিন প্রায় দ্বিগুণ হারে বাড়ছে। সবচেয়ে খারাপ পরিস্থিতির মধ্যে রয়েছে ঢাকার মিরপুর ও নারায়ণগঞ্জ।

আইইডিসিআর এর তথ্য মতে, দেশে এ পর্যন্ত মোট আক্রান্ত হয়েছে ৩৩০জন, চিকিৎসা নিয়ে সুস্থ হয়েছেন ৩৩জন। আর মৃত্যুবরণ করেছেন ২১জন।

ঢাকা সিটিতে ১৯৩ জন আক্রান্ত হয়েছেন। এরমধ্যে মিরপুরে সবচেয়ে বেশি। এখানে ৪২ জন আক্রান্ত হয়েছেন। কাজীপাড়ায় ১জন, মিরপুর-১০ নম্বরে ৩ জন, মিরপুর-১১ নম্বরে ৬ জন, মিরপুর-১২ নস্বরে ২ জন, মিরপুর-১৩ নম্বরে ১ জন, মিরপুর-১ নম্বরে ১১ জন, শাহ আলী বাগে ২ জন, পীরেরবাগে ২ জন, টোলার বাগে ৮ জন ও উত্তর টোলার বাগে ৬ জন আক্রান্ত হয়েছে।

ঢাকার বাইরে সবচেয়ে বড় জোন হচ্ছে নারায়ণগঞ্জ। এখানে ৫৯জন করোনায় আক্রান্ত হয়েছেন।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন

[redacted]

[redacted]

চাঁদপুর জেলা লকডাউন

করোনাভাইরাস সংক্রমণ ঝুঁকি মোকাবেলায় অনির্দিষ্টকালের জন্য চাঁদপুর জেলা লকডাউন ঘোষণা করেছে জেলা প্রশাসন। বৃহস্পতিবার সন্ধ্যা থেকে লকডাউন কার্যকর হবে।

জেলা প্রশাসক মো. মাজেদুর রহমান খান স্বাক্ষরিত এক গণবিজ্ঞপ্তিতে বৃহস্পতিবার দুপুরে এ ঘোষণা দেয়া হয়।

গণবিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, প্রাণঘাতী করোনাভাইরাস সংক্রমণ ঝুঁকি মোকাবেলা, নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটির চাঁদপুরের সভার সিদ্ধান্ত মোতাবেক চাঁদপুর জেলাকে অবরুদ্ধ (লকডাউন) ঘোষণা করা হল। এ জেলায় জনসাধারণের প্রবেশ ও প্রস্থানের নিষিদ্ধ করা হল।

এতে বলা হয়, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সড়ক ও নৌপথে অন্য কোনো জেলা হতে কেউ এ জেলায় প্রবেশ করতে বা জেলা হতে অন্য কোনো জেলায় গমন করতে পারবেন না। জেলার অভ্যন্তরে আন্তঃউপজেলা যাতায়াতের ক্ষেত্রে একই নিষেধাজ্ঞা বলবৎ হবে।

গণবিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, সব ধরনের গণপরিবহন জনসমাগম আগের মতো বন্ধ থাকবে। তবে জরুরি পরিষেবা যেমন চিকিৎসা খাদ্যদ্রব্য সরবরাহ সংগ্রহ ইত্যাদি এর আওতা বহির্ভূত থাকবে।

জেলায় এখনো করোনাভাইরাস আক্রান্ত কোনো রোগী শনাক্ত হয়নি। তবে পার্শ্ববর্তী জেলাগুলোয় করোনাভাইরাস আক্রান্ত রোগী থাকায় এবং নারায়ণগঞ্জসহ বিভিন্ন জেলা থেকে লোকজন আসায় এ সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন।

সূত্র-যুগান্তর

কুষ্টিয়া ২৫০ শয্যা মেডিকেল কলেজ হাসপাতালে বসছে পিসি আর ল্যাব

কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চালু হতে যাচ্ছে করোনাভাইরাসে আক্রান্ত অথবা সন্দেহ ভাজন রোগীদের শনাক্ত করার পলিমার্স চেইনরি একশান (পিসিআর) ল্যাব।

কুষ্টিয়া ২৫০ শয্যা মেডিকেল কলেজ হাসপাতালের একটি ভবনে এই ল্যাব স্থাপনের কাজ চলছে। এই ল্যাব চালু হলে আইইডিসিআর ও বিভাগীয় শহর গুলোর পাশাপাশি এটা হবে দেশের ১১ তম পিসি আর ল্যাব।

কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ঠ মেডিকেল কলেজ হাসপাতালের আবাসিক চিকিৎসক তাপস কুমার সরকার বলেন, ল্যাবের কাজ কালকের মধ্যেই শেষ হবে।

এরপর আইইডিসিআর থেকে কিছু সরঞ্জাম আসলে সেগুলো বসিয়ে এবং ল্যাব টেকনিশিয়ানদের প্রশিক্ষন সম্পন্ন করে আগামী ১০ দিনের মধ্যেই কুষ্টিয়াতে করোনা টেষ্ট সম্ভব হবে।

করোনার উপসর্গ নিয়ে বরগুনায় সাবেক উপজেলা চেয়ারম্যানের মৃত্যু, বাড়ি লকডাউন

করোনার উপসর্গ নিয়ে বরগুনায় সাবেক উপজেলা চেয়ারম্যানের মৃত্যু, বাড়ি লকডাউন
করোনাভাইরাসের উপসর্গ জ্বর ও শ্বাসকষ্ট নিয়ে বরগুনায় সাবেক এক

উপজেলা চেয়ারম্যানের মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে নিজ বাড়িতে তার মৃত্যু হয়। তার বাড়ি লকডাউন করে দিয়েছে প্রশাসন।

মারা যাওয়া সাবেক উপজেলা চেয়ারম্যানের বাড়ি আমতলীতে। তিনি একজন মুক্তিযোদ্ধা। আমতলী উপজেলা আওয়ামী লীগের নেতা ছিলেন তিনি।

মৃত আওয়ামী লীগ নেতার ছেলে আমতলী পৌরসভার একজন কাউন্সিলর বলেন, তারা বাবা নিউমোনিয়ায় ভুগছিলেন। কয়েকদিন ধরে তার জ্বর ও শ্বাসকষ্ট ছিল। বাড়িতে রেখেই তার চিকিৎসা চলছিল। তিনি বৃহস্পতিবার মারা গেছেন।

তাদের বাড়ি অবরুদ্ধ করা হয়েছে বলে বরগুনা জেলা প্রশাসক মোস্তাইন বিল্লাহ জানিয়েছেন।

তিনি গণমাধ্যমকে বলেন, সাবেক উপজেলা চেয়ারম্যান অসুস্থ হওয়ার পর বুধবার তার নমুনা সংগ্রহ করে ঢাকা পাঠানো হয়েছে। রিপোর্ট পাওয়ার পর নিশ্চিত হওয়া যাবে তিনি করোনাভাইরাসে আক্রান্ত ছিলেন কিনা।

করোনায় এই প্রথম দেশে কোনো গুরুত্বপূর্ণ রাজনীতিবিদ ও জনপ্রতিনিধির মৃত্যু হল।

সুত্র-যুগান্তর